



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-৮৮৭/ক/অনু:/২০১৭/৭৮২

তারিখ: ৩০/০৪/১৭

বিষয়: ২০১৯-২০ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.০৬.০০৩.১৭-১১১, তারিখ: ০৩/০৪/২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ নারায়নগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলাধীন "সোনারগাঁ স্টার ফ্লাওয়ার এস.আর. স্কুল এন্ড কলেজ" ২০১৯-২০ শিক্ষাবর্ষ হতে একাদশ শ্রেণিতে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করেছে। এ অনুমতির মেয়াদ ৩ (তিন) বছর কার্যকর থাকবে এবং এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

শাখাসমূহ:

১। মানবিক ২। ব্যবসায় শিক্ষা ৩। বিজ্ঞান

বিষয়সমূহ:

আবশ্যিক:

- ১। বাংলা
- ২। ইংরেজি
- ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

মানবিক:

- ১। পৌরনীতি ও সুশাসন
- ২। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি
- ৩। অর্থনীতি
- ৪। সমাজকর্ম

ব্যবসায় শিক্ষা:

- ১। হিসাববিজ্ঞান
- ২। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা
- ৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
- ৪। গার্হস্থ্য বিজ্ঞান

বিজ্ঞান:

- ১। পদার্থ
- ২। রসায়ন
- ৩। জীববিজ্ঞান
- ৪। উচ্চতর গণিত

শর্তসমূহ:

- ১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ২। কলেজে নিয়োগকৃত ও ভবিষ্যতে নিয়োগপ্রাপ্ত সকল শিক্ষক এনটিআরসিএ দ্বারা নিবন্ধনকৃত হতে হবে এবং মহিলা কোটা সংরক্ষণ করতে হবে।
- ৩। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
- ৪। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা সব সময় জমা রাখতে হবে।
- ৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শা:৪/১০এম ৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
- ৬। ম্যানেজিং কমিটির মেয়াদান্তে বিধি মোতাবেক নিয়মিত গভর্নিং বডি গঠন করে যথাসময়ে গভর্নিং বডির সদস্যদের নামের তালিকা অনুমোদনের জন্য বোর্ডে পাঠাতে হবে (সভাপতির মাধ্যমে)।

(অপর পাতায় দ্রষ্টব্য.....২)

- ৭। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
- ৮। উচ্চমাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক শাখায় ১০০ জন, ব্যবসায় শিক্ষা ১০০ জন, বিজ্ঞান শাখায় ১০০ জন।
- ৯। উচ্চমাধ্যমিক পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ১০। চলতি শিক্ষাবর্ষে (২০১৯-২০২০) উচ্চমাধ্যমিক পর্যায়ে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদের প্রয়োজনীয় বোর্ড ফি জমা দিয়ে বোর্ডে দাখিল করতে হবে।
- ১১। প্রতিষ্ঠানের (উচ্চমাধ্যমিক পর্যায়) প্রথম অস্থায়ী স্বীকৃতি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে:
 - (ক) উপরোক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট ;
 - (খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোর্ট ;
 - (গ) প্রথম অস্থায়ী স্বীকৃতির ফি বাবদ ১৫,০০০/- (পনের হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে ব্যাংক ড্রাফট।
- ১২। উপরোক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে



প্রফেসর ড. মো: হারুন-অর-রশিদ

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ৯৬১৫২৩৬ (অফিস)

ইমেইল: ic@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ

সোনারগাঁ স্টার ফ্লাওয়ার এস. আর. স্কুল এন্ড কলেজ

সোনারগাঁ, নারায়নগঞ্জ।

মেমো নং- ৭৫২ (৮)

তারিখ: ০০/০৪/১২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, নারায়নগঞ্জ।
- ৫। পরিচালক, ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৭। সভাপতি, ম্যানেজিং কমিটি, সোনারগাঁ স্টার ফ্লাওয়ার এস. আর. স্কুল এন্ড কলেজ।
- ৮। অফিস কপি।



কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা।

